

পথে হলো দেরি

শহীদ কাদরী

পথে পথে আর পান্থশালায়
হয়ে গেল বড় দেরি
কাঁধে নিয়ে শব মৃত হরিণের
দুয়ারে দুয়ারে স্বপ্ন করেছি ফেরি।

তোমার বাগানে মালাকার নেই
বাগানে ঝরছে চেরি
দরোজা জানালা বন্ধ সকলই
হয়েছে কি খুব দেরি?

তবুও আজকে লঠন জ্বলে
লিখব তোমার কথা
সে-সব কথা কি নিমেষে মেলাবে?
আমার বেলায় হবে নাকি অন্যথা?

শীতের পাহাড়ি তীর হিম বাতাস
ছিঁড়েছে আমার তাঁবু;
'আপনি বড্ড দেরি করেছেন'
হেঁকে বল্লেন ইস্তিশানের বাবু।

পথে পথে আর পান্থশালায়
হয়ে গেল বড় দেরি,
কাঁধে নিয়ে আমি মৃত হরিণের শব
একা একা হাঁটি। তোমার বাগানে
সারা দিনরাত অঝোরে ঝরবে চেরি।

শিলাপিপি

মাবুফুল ইসলাম

জানালায় কাচ আর বাইরে বাতাস
তোমার শরীরে এই দেহের সুবাস

মস্তুর জোরে নয়, যস্তুর জোরে
কেউ কেউ করে খায় ব্যস্ত শহরে

নাগরিক চাঁদ ওঠে মেঘের কিনারে
অষ্ট-প্রহর কাটে রিপূর মিনারে

নষ্ট মেয়েরা ডাকে — পুরুষ কোথায়
শুধু কিম্পুরুষের ঝুঁটি দেখা যায়

বৈশাখে খুঁটি ধরে কেউ দেয় নাড়া
অঙেগে অঙেগে জাগে শ্রাবণের সাড়া

রসালাপে কাল কাটে, প্রলাপে জীবন
শিলাপিপি হয়ে থাকে ললাট-লিখন।।